

ব্যাংকিং প্রিবি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

২৯ অক্টোবর ২০২০

তারিখঃ -----

১৩ কার্তিক ১৪২৭

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নডেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের
প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা বর্ধিতকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ ও এতদ্বারা সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহ এবং ০১ অক্টোবর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নডেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরজীবিতকরণ, শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষম রাখার লক্ষ্যে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে বিগত ০৫ এপ্রিল ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্র্যাকেজ ঘোষণা করেন। পরবর্তীতে সচল রপ্তানীমূল্যী শিল্প-প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ৩০ হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্র্যাকেজ ও হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়। এক্ষণে, ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আর্থিক সহায়তা প্র্যাকেজটি ৩৩ হাজার কোটি টাকা হতে বৃদ্ধি করে ৪০ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

৩। নডেল করোনা ভাইরাস (COVID-19)-এর কারণে দেশীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি সামগ্রিকভাবে দেশে কার্যরত বিদেশী মালিকানাধীন এবং যৌথ মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ ক্ষতিগ্রস্ত হওয়ায় এ সকল প্রতিষ্ঠানসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উৎপাদন ও কর্মসংস্থান অব্যাহত রাখার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়েছে যে, এ প্র্যাকেজের আওতায় বর্ধিত ৭(সাত) হাজার কোটি টাকা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রঞ্জনী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত ‘এ’, ‘বি’ ও ‘সি’ টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য প্রযোজ্য হবে। উক্ত ঋণ/বিনিয়োগের সুদের হার হবে ৯%, যার মধ্যে সরকার ৪.৫০% ভর্তুকি বাবদ প্রদান করবে। এক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০/২০২০ এবং এতদ্বারা সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহের শর্তসমূহ অনুসরণীয় হবে।

৪। আলোচ্য বর্ধিত সুবিধা হতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংযোজনী ছক-ক অনুযায়ী তথ্য আগামী ৫ নডেল তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সফটকপিসহ (ইমেইল salauddin.tapadar@bb.org.bd এবং nazia.haque@bb.org.bd) বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রিবি ও নীতি বিভাগে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২

৩০/০৬/২০২০ তারিখ ভিত্তিক বেজা, বেপজা এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত ‘এ’, ‘বি’ ও ‘সি’ টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত খণ্ড/বিনিয়োগের স্থিতি এবং আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত চাহিদার পরিমাণঃ

(কোটি টাকায়)

ব্যাংকের নাম	৩০/০৬/২০২০ তারিখ ভিত্তিক ‘এ’, ‘বি’ ও ‘সি’ টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত খণ্ড/বিনিয়োগের স্থিতি	আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্ত চাহিদার পরিমাণ